



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
১ মিন্টো রোড, রমনা, ঢাকা
www.publiclibrary.gov.bd

নম্বর: ৪৩.২৬.০০০০.০০১.২৩.০২১.০১.৭৮

তারিখ: ১৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বাংলা নববর্ষ ১৪৩১ উপলক্ষে মাটির পুতুল, ঘর, নৌকা ইত্যাদি তৈরি, আল্লনা আঁকা এবং ঘুড়ি তৈরি প্রতিযোগিতা।

বাংলা নববর্ষ ১৪৩১ উপলক্ষে দেশের সকল সরকারি গণগ্রন্থাগারে মাটির পুতুল, ঘর, নৌকা ইত্যাদি তৈরি, আল্লনা আঁকা এবং ঘুড়ি তৈরি প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। এ উপলক্ষে নিম্নবর্ণিত বিষয় ও সময়সূচি অনুযায়ী প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

ক্রমিক	শাখা	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	তারিখ ও সময়
১.	ক	ষষ্ঠ শ্রেণি-অষ্টম শ্রেণি	মাটির পুতুল/ ঘর/ নৌকা তৈরি/ আল্লনা	১৬.০৪.২০২৪ খ্রি.
২.	খ	নবম-দ্বাদশ	আঁকা/ ঘুড়ি তৈরি	সকাল ১১.০০ টা

প্রতিযোগিতার স্থান: ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগিতা সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে উল্লিখিত তারিখে অনুষ্ঠিত হবে।

শর্তাবলি:

- প্রতিযোগিতা শুরু হওয়ার ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে সংশ্লিষ্ট কেন্দ্রে উপস্থিত হয়ে প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম এবং শিক্ষা প্রতিষ্ঠানের নামসহ অভিভাবকের মোবাইল নম্বর উল্লেখ পূর্বক রেজিস্ট্রেশন করতে হবে। এছাড়া স্টুডেন্ট আইডি কার্ড এর ফটোকপি জমা দিতে হবে। রেজিস্ট্রেশনের জন্য স্থানীয় গ্রন্থাগারের কর্মকর্তার সাথে যোগাযোগ করতে হবে;
- প্রতিযোগিতার পুতুল/ঘর/নৌকা তৈরির জন্য প্রয়োজনীয় মাটি গণগ্রন্থাগার থেকে সরবরাহ করা হবে;
- প্রতিযোগিতা সংক্রান্ত অন্যান্য সরঞ্জাম সাথে আনতে হবে;
- বিস্তারিত তথ্যের জন্য জনাব মোঃ শহীদুল আলম, সহকারী পরিচালক (মোবাইল নম্বর ০১৯১১৩৯৯৩৬৩), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকার সাথে যোগাযোগ করা যাবে।

৩১-০৩-২০২৪

খন্দকার আসিফ মাহতাব
সহকারী পরিচালক

+৮৮০২২২২২২৯৪৮৮

kamp.addpl@gmail.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- পরিচালক (সকল);
- প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক/প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর/সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা ও বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার (সকল);
- সিনিয়র লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল);
- লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার (সকল);
- সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (ওয়েবপোর্টালে প্রকাশের অনুরোধসহ);
- গ্রন্থাগারিক/সহকারী লাইব্রেরিয়ান, উপজেলা পর্যায়ে অবস্থিত সরকারি গণগ্রন্থাগারসমূহ (সকল) এবং
- মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর।

